



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০৪২.০১৪.২২.০২.০২২.১৪.১৫৩৯

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৯
২২ আগস্ট ২০২২

বিষয় : কুমিল্লা জেলা পরিষদের মালিকানাধীন কুমিল্লা চিড়িয়াখানা ও বোটানিক্যাল গার্ডেন কোভিড-১৯ এর সংক্রমণের কারণে বন্ধ থাকাকালীন সময়ের জন্য ঠিকাদারের অনুকূলে ক্ষতিপূরণ প্রদানের লক্ষ্যে তথ্যাদি প্রেরণ।

সূত্র : জেলা পরিষদ, কুমিল্লা এর স্মারক ৪৬.২০.৪৬.০০.০০১.৩৩.০০৮.২০১৮.৩২৩, তারিখ: ০৮ আগস্ট ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে কুমিল্লা জেলা পরিষদের মালিকানাধীন কুমিল্লা চিড়িয়াখানা ও বোটানিক্যাল গার্ডেন কোভিড-১৯ এর সংক্রমণের কারণে বন্ধ থাকাকালীন সময়ের জন্য ঠিকাদারের অনুকূলে ক্ষতিপূরণ প্রদানের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবে উক্ত চিড়িয়াখানা ও বোটানিক্যাল গার্ডেন ইজারা প্রদানের সময়ে সম্পাদিত চুক্তিতে এ ধরনের সুযোগ ছিল কিনা, তা জানা প্রয়োজন।

২। এমতাবস্থায়, প্রস্তাবটি বিবেচনার সুবিধার্থে ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির ছায়ালিপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

M. A. Rahman
এ কে এম মিজানুর রহমান 22/08/2022
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুমিল্লা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।